

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

website: www.bb.org.bd

বিআরপিডি সার্কুলার লেটার নং-১২

আশ্বিন ২৭, ১৪২২  
তারিখ :-----  
অক্টোবর ১২, ২০১৫


ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

“পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন-২০১০” এর সুষ্ঠু বাস্তবায়ন প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, গত সেপ্টেম্বর ২০, ২০১৫ তারিখে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভায় “পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন-২০১০” এর সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত কল্পে বর্ণিত আইন ও বিধি দ্বারা নির্ধারিত ধান, চাল, গম, ভূট্টা, সার ও চিনি উৎপাদনকারী ও সরবরাহকারী ব্যবসায়ী/প্রতিষ্ঠানগুলোকে ব্যাংক কর্তৃক ঋণ প্রদান, নবায়ন ও বিতরণকালে পাটের ব্যাগের ব্যবহার বাধ্যতামূলক করার শর্তারোপের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ প্রেক্ষিতে উপরোক্ত প্রতিষ্ঠানগুলো পণ্য প্যাকেটজাতকরণে পাটের ব্যাগ ব্যবহার না করলে তাদের ক্ষেত্রে ব্যাংক ঋণ সুবিধা প্রদেয় হবে না মর্মেও তাদেরকে লিখিতভাবে অবহিত করা সহ আন্তঃমন্ত্রণালয় সভায় গৃহীত উক্ত সিদ্ধান্তসমূহ যথাযথ বাস্তবায়নের জন্য আপনাদের নির্দেশ দেয়া হলো।

আপনাদের বিশ্বস্ত,



(আবু ফরাহ মোঃ নাহের)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০২৫২।